অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের আগে প্রভাবিত হওয়া এলাকাগুলোয় অতিরিক্ত বন্যার সম্ভাবনা নিয়ে সতর্ক করেন, যেহেতু সপ্তাহান্ত জুড়ে আরও বৃষ্টিপাত প্রত্যাশিত

স্থানীয়ভাবে উচ্চতা মোটের উপর প্রায় পাঁচ ইঞ্চি ধরে, মিড হাডসন এবং রাজধানী অঞ্চলের বেশ কিছু অংশে দুই থেকে তিন ইঞ্চি বৃষ্টির আশা করা হচ্ছে, যার ফলে ইতিমধ্যে বিপর্যস্ত এলাকাগুলোতে অতিরিক্ত আকস্মিক বন্যা হতে পারে

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ অরেঞ্জ কাউন্টিতে যন্ত্রপাতি, বন্যা ত্রাণের টিম, বালির ব্যাগ এবং ওয়াটার পাম্পের আগাম ব্যবস্থা করছে

স্টেট এজেন্সিগুলো আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনে বাড়তি পরিসম্পৎ নিয়োগ করার জন্য প্রস্তুত

আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য এবং বন্যার ঘটনার জন্য একটি পরিকল্পনা তৈরি করে রাখতে গভর্নর নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিলেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদের সতর্ক করেন যেহেতু সপ্তাহান্ত এবং পরের সপ্তাহ জুড়ে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের পূর্বাভাস রাজি রয়েছে। মিড-হাডসন এবং রাজধানী অঞ্চলের কিছু অংশে বাড়তি দুই থেকে তিন ইঞ্চির বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে, যেখানে মাটি ইতিমধ্যেই সুসিক্ত হয়ে আছে এবং নদী ও জলপ্রবাহগুলোর স্তর এখনও আগের সপ্তাহের ঝড়ের কারণে উচ্চসীমা দিয়ে যাচ্ছে। স্থানীয়ভাবে প্রায় পাঁচ ইঞ্চির মতো বেশি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনাও রয়েছে। এই সপ্তাহান্তে ঝড়ের ফলে ভারী বৃষ্টির হওয়ার ফলে পূর্বে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোয় আকস্মিক বন্যা হতে পারে। সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি সম্পর্কে জানতে তাদের স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করার এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে তাগিদ প্রদান করেছেন।

"নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলো গত সপ্তাহ জুড়ে ভারী বৃষ্টি এবং বন্যার ফলে বিপর্যস্ত হয়ে পড়েছে, আর আমরা এই সপ্তাহান্তে আরও আবহাওয়া জনিত প্রভাবের জন্য ক্রমাগত সতর্ক থাকছি," **বলেন গভর্নর হোকল।** "আমার দল খুব কাছ থেকে পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং অতিরিক্ত ফ্ল্যাশ বন্যার ঘটনায় আমরা আমাদের সরকারের স্থানীয় অংশীদারদের সহায়তার জন্য সবসময় প্রস্তুত রয়েছি।"

স্টেটের এজেন্সিগুলো স্টেট জুড়ে স্থানীয় সরকারি অংশীদারদের সাথে নিয়মিত যোগাযোগ রেখেছে এবং সহায়তার যেকোনও অনুরোধে সাড়া দিতে তারা প্রস্তুত আছে। ইতিমধ্যে, স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) দ্রুত প্রতিক্রিয়া জানাতে অরেঞ্জ কাউন্টির কাছে তার স্টক জমানোর জন্য একটি হাই-এক্সেল রেসপন্স ভেহিকল এবং একটি সুইফট ওয়াটার রেসকিউ টিম আগাম মোতায়েন করেছে। এছাড়াও ইতিমধ্যে বিপর্যস্ত এলাকাগুলোতে বন্যার প্রভাব কমাতে DHSES বালির ব্যাগ এবং ওয়াটার পাম্পগুলো প্রদান করছে।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services) এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "বেশ কয়েক ইঞ্চির বাড়তি বৃষ্টি সেইসব অঞ্চলে প্রত্যাশিত যারা এখনও গত সপ্তাহের বন্যা সামলে উঠছে। আমাদের টিম খুব কাছ থেকে আজকের এবং আগামীকালের পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন মতো স্টেট জুড়ে বাড়তি পরিসম্পৎ নিয়োগ করার জন্য প্রস্তুত রয়েছে।"

এই বিকাল থেকে, নর্থ কান্ট্রি, রাজধানী অঞ্চল, মোহক ভ্যালি, মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চল সহ স্টেটের পুরো পূর্বাঞ্চলটি বর্তমানে একটি বন্যা সতর্কতার মধ্যে আছে। আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov পরিদর্শন করুন।

নিউ ইয়র্কবাসীদের স্টেটের বিনামূল্যের জরুরি সতর্কবার্তা ব্যবস্থা alert.ny.gov–এ NY-অ্যালার্টের জন্য সাইন আপ করতে উৎসাহ দেওয়া হচ্ছে। কাউন্টি অনুযায়ী আপৎকালীন পরিস্থিতির তথ্য টেক্সট বা ইমেলের মাধ্যমে পুশ বিজ্ঞপ্তিতে পাঠানো যেতে পারে।

অতিরিক্ত স্টেট এজেন্সির প্রস্তুতি

পরিবহন বিভাগ (Department of Transportation)
স্টেটের পরিবহন বিভাগ স্টেটব্যাপী উপলভ্য প্রায় 3,500 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে আসন্ন আবহাওয়া পরিস্থিতিতে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 1,402টি বড় ডাম্প ট্রাক
- 321টি বৃহৎ লোডার
- 82টি চিপার
- 79 হুইলড এবং ট্র্যাকড এক্সক্যাভেটর
- 32টি ট্রাফিক টাওয়ার প্লাটফর্ম
- 20টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি কর্মী বর্তমানে আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 653 জন অপারেটর ও

সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 354টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 60টি লোডার
- 31টি ট্রেইলার
- 5টি ভ্যাক ট্রাক
- 13টি এক্সক্যাভেটর
- 8টি ব্রাশ চিপার
- 100টি চেইন স
- 23টি এরিয়াল ট্রাক
- 21টি স্কিড স্টিয়ার
- 83টি বহনযোগ্য জেনারেটর
- 68টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) মোটরযান চালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করার সুপারিশ করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে বিনামূল্যে ডাউনলোড করা যাবে। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম তথ্য ও নেভিগেশন সংক্রান্ত সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। মোটর চালকরা TRANSalert ইমেলগুলির জন্যও সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ে বরাবর সাম্প্রতিকতম ট্রাফিক অবস্থা প্রদান করে, Twitter-এ @ThruwayTraffic অনুসরণ করুন এবং থ্রুওয়ে এবং অন্যান্য নিউ ইয়র্ক স্টেটের সড়কপথের ট্রাফিক অবস্থা দেখানো একটি ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে thruway.ny.gov-এ যান।

জনসেবার বিভাগ (Department of Public Service)
এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট

পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এলাকা এবং আবহাওয়া পরিস্থিতি এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

ভারী বৃষ্টির সম্ভাবনা নিয়ে, সাময়িকভাবে সমস্ত বেশি-উচ্চতার পথ এবং নদী ও জলপ্রবাহ পেরনোর পথগুলো এড়ানোর জন্য অ্যাডিরনডেকের হাইকারদের পরামর্শ দেওয়া হয়েছে। বিশেষ করে সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে পথের পরিস্থিতি, মরশুমি রাস্তা বন্ধ এবং অ্যাডিরনডেকগুলোর সাধারণ বিনোদনমূলক তথ্যের উপর হালনাগাদ পেতে অ্যাডিরনডেকের ব্যাককান্ট্রি তথ্যের ওয়েবপেজ দেখার জন্য হাইকারদের উৎসাহিত করা হয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি দেখা বা পার্কের সময়, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে যোগাযোগ করা।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

দুর্যোগের সরবরাহ
দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।

- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানি বাড়তে থাকে, তাহলে অবিলম্বে যান পরিত্যাগ করুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।
- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

ব্যক্তিগত প্রস্তুতি জন্য এবং তীব্র আবহাওয়ায় কীভাবে নিরাপদ থাকতে হয় সেই সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান: https://www.dhses.gov/safety।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন